



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১১২

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮

১০ জুন ২০২১

বিষয়: চলতি বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে চুক্তিবদ্ধ চালকল মালিক কর্তৃক চুক্তির সমুদয় চাল সরকারি খাদ্য গুদামে সরবরাহ নিশ্চিতকরণ।

সূত্র: সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৯৮, তারিখ: ৩০/০৫/২০২১ খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি তার দৃষ্টি আকর্ষণপূর্বক পত্রটি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। চলতি বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে তার বিভাগ থেকে প্রাপ্ত চুক্তিবদ্ধ চালকল মালিকদের নিকট থেকে চাল সরবরাহের চিত্র নিম্নরূপঃ

ক্র:নং	বিভাগের নাম	চুক্তিবদ্ধ মিল সংখ্যা	চুক্তির সমুদয় চাল সরবরাহকারী মিল সংখ্যা	চুক্তির কোন চাল সরবরাহ করেনি এমন মিল সংখ্যা	
				মিল সংখ্যা	পরিমাণ (মে:টন)
১.	রাজশাহী	৪৫৭৫	২৯	৭১	২২০২৫
২.	রংপুর	৬৪৯১	৮৮৬	৩৪৯৯	১০০০৬১
৩.	ঢাকা	৮৬৯	২৬৯	৩০২	১৬৪৪৭
৪.	ময়মনসিংহ	১৫৭৩	২৬৩	৮২৩	৬৭৩৭৩
৫.	খুলনা	২০৭৬	৩৩৬	১১৯৫	৮১৬৮৮
৬.	সিলেট	৪০৩	৮১	১৮৫	৭১৬০
৭.	চট্টগ্রাম	৬১৭	১৪৯	২৬০	২০১১০
৮.	বরিশাল	৮৫	১৮	৩৮	৩৪৬৭

চলতি বোরো/২০২১ মৌসুমে ধানের আশানুরূপ উৎপাদন হয়েছে। বর্তমান বাজার মূল্য সংগ্রহ সহায়ক এবং গুদামে প্রচুর খালি জায়গা থাকার পরও উপর্যুক্ত হুকে দেখা যায় তার বিভাগের অনেক চুক্তিবদ্ধ অটো-হাফিং মিল মালিক পাক্ষিক হাটাইক্ষমতার নীচে চালের বরাদ্দ প্রাপ্ত হয়ে চুক্তি করে এখনো কোন চাল সরকারি গুদামে সরবরাহ করেননি। চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে চাল সংগ্রহ কার্যক্রম গত ০৭/০৫/২০২১ খ্রি: তারিখ থেকে শুরু হয়ে অদ্যাবধি ৩৪ দিন অতিবাহিত হয়েছে। তা সত্ত্বেও চুক্তিবদ্ধ সিংহভাগ চালকল মালিক সরকারি গুদামে কোন চাল সরবরাহ করেননি যা বোধগম্য নয়। বিষয়টি অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ পরিপন্থী। এ বিষয়ে গত ০৯.০৬.২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত অনলাইন মতবিনিময় সভায় সম্মানিত খাদ্য সচিব, মহোদয় অসন্তোষ প্রকাশ করেছেন।

এমতাবস্থায়, আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে আগামী ২১.০৬.২০২১ খ্রি: তারিখের মধ্যে চুক্তিবদ্ধ চালকল মালিকদের (অটোমেটিক ও হাফিং) নিকট থেকে চুক্তিকৃত সমুদয় চাল সরকারি গুদামে প্রাপ্তি নিশ্চিত করার কার্যকর ব্যবস্থা

গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এবং চাউল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ-২০০৮ মোতাবেক সংশ্লিষ্ট মিল মালিকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচ্য।



১০-৬-২০২১

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১১২/১(১১)

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮  
১০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



১০-৬-২০২১

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক